The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 848 | 13 December 2024 | শুক্রবার ২৮ অগ্রহায়ন ১৪৩১


Trump Wants Deport 'Even Kids Who Are Here Legally with illegal parents
>> Page 18


Farooki bhai is pure magic: Bijori Barkatullah
>> Page 19

Bangladesh elected VP of UN Human Rights Council
>> Page 18


Eric Adams doesn't rule out switch to the GOP
>> Page 18



## মহান বিজয় দিবসে সম্পাদকের শুভেচ্ছা



মহান বিজয় দিবস ১৬ ডিসেম্বর। ১৯৭১ সালে বাঙালি জাতি পাক হানাদার বাহিনীর বর্বর হামলার বিরুদ্ধে রুখো দাঁড়িয়েছিল। ছিনিয়ে এরপর ৪০ পৃষ্ঠায়

# মোদির কাছে ভারতীয় ব্যবসায়ীদের ধর্ণা

মনোয়ারুল ইসলাম




বাংলাদেশ ও ভারতের সম্পর্কের অবনতিতে ধাক্কা লেগেছে ভারতীয় ব্যবসা বানিজ্যে। ২০ বিলিয়ন ডলারের বাজার তাদের হাতছাড়া হয়ে যাচ্ছে। বাংলাদেশের সাবেক ও পলাতক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আশ্রয় দেওয়াকে কেন্দ্র করেই দু দেশের সম্পর্কের অবনতি। রফতানী ও মেডিক্যাল ব্যবসায় বড় ধাক্কা খেয়েছে ভারত। পশ্চিম বঙ্গের ব্যবসায়ীদের মাথায় হাত। এ অবস্থা বেশিদিন চলতে দিতে রাজি নন ভারতীয় ব্যবসায়ীরা। তাদের প্রশ্ন হাসিনার দায় নিয়ে আমরা কেন বাজার হারাবো। তারা ঢাকা-দিল্লী সংকটে অস্থির হয়ে উঠছেন। বিলিয়ন বিলিয়ন ডলার তাদের হাত ছাড়া হয়ে যাচ্ছে। তাদের আশংকা দু'দেশের এই সংকট দীর্ঘায়িত হলে বাংলাদেশের আমদানী রুট পরিবর্তন হতে বাধ্য। তারা চীন ও পাকিস্তানসহ পার্শ্ববতী এরপর ২৯ পৃষ্ঠায়




## 'অধিকাংশ নিউইয়র্কার অবৈধদের ডিপোর্টেশনের পক্ষে'

আজকাল রিপোর্ট

অধিকাংশ নিউইয়র্কার অবৈধদের ডিপোর্টেশনের পক্ষে।নিউ ইয়র্কের বেশিরভাগ বাসিন্দা নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের লক্ষ লক্ষ কাগজপত্রবিহীন অভিবাসীদের নির্বাসনের পরিকল্পনাকে সমর্থন করে । যার অর্ধেকই ল্যাটিনো। গত মঙ্গলবার, সিয়েনা কলেজের জরিপে এ এরপর ৪০ পৃষ্ঠায়

## সাংবাদিকদের জন্য বিপজ্জনক দেশের তালিকায় বাংলাদেশ

আজকাল রিপোর্ট

সাংবাদিকদের জন্য অধিক বিপজ্জনক দেশের তালিকা প্রকাশ করেছে সাংবাদিকদের অধিকার নিয়ে কাজ করা আন্তর্জাতিক প্রভাবশালী সংগঠন রিপোর্টার্স উইদাউট বর্ডারস (আরএসএফ)। বিপজ্জনক এসব দেশের তালিকায় তৃতীয় অবস্থানে রয়েছে বাংলাদেশ। শীর্ষে রয়েছে ফিলিস্তিন, পাকিস্তান এবং মেক্সিকো। বার্তা সংস্থার খবরে বলা হয়েছে বৃহস্পতিবার আরএসএফ-এর ওয়েব সাইটে প্রকাশিত প্রতিবেদনে জানানো হয়, ২০২৪ সালে পেশাগত দায়িত্ব পালন করতে বিশ্বের বিভিন্ন স্থানে প্রাণ হারিয়েছেন ৫৪ সাংবাদিক। এদের মধ্যে পাঁচজন বাংলাদেশি। সাংবাদিকদের জন্য বিপজ্জনক ৯টি দেশের মধ্যে শীর্ষে থাকা ফিলিস্তিনের পরই রয়েছে পাকিস্তান, বাংলাদেশ ও মেক্সিকোর নাম। গত জানুয়ারি থেকে ১লা ডিসেম্বর পর্যন্ত তথ্যের ভিত্তিতে এই প্রতিবেদনটি তৈরি করা হয়েছে।

আরএসএফ-এর প্রতিবেদন অনুসারে, এ বছর বিশ্বব্যাপী ৫৪ সাংবাদিকের এক তৃতীয়াংশ নিহত হয়েছেন ইসরায়েলি বাহিনীর হাতে। ইসরাইলি সশস্ত্র বাহিনীর হাতে এ বছর নিহত হয়েছেন মোট ১৮ জন সাংবাদিক। যাদের ১৬ জন গাজায় আর বাকি দুজন লেবাননে নিহত হয়েছেন। এরপর ৪০ পৃষ্ঠায়



## দুই বোনের ব্যাংক হিসাব তলব

আজকাল রিপোর্ট

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার ছোট বোন শেখ রেহানার ব্যাংক হিসাবের তথ্য তলব করেছে বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট-বিএফআইইউ। এছাড়া 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট' এবং চৌধুরী জাফরউল্লাহ সরাফতের ব্যাংক হিসাবের তথ্য চাওয়া হয়েছে। পাঁচদিনের এরপর ৪০ পৃষ্ঠায়

# হাসিনা এখন ভারতের গলার কাঁটা

মাসুদ করিম, *ঢাকা থেকে*

শেখ হাসিনাকে আশ্রয় দিয়ে ভারত উভয় সঙ্কটে পড়েছে। ভারতের অকৃত্রিম বন্ধু হিসাবে বিপদের দিনে তাকে ফেলে দিতে পারছে না। আবার তাকে আশ্রয় দেওয়ার কারণে বাংলাদেশের অর্ন্তবর্তি সরকারের সঙ্গে সম্পর্ক বজায় রাখতে গিয়ে সমস্যা হচ্ছে। ফলে একদা বন্ধু হলেও শেখ হাসিনা এখন ভারতের গলার কাঁটা। বাংলাদেশের সাবেক এই প্রধানমন্ত্রীকে নিয়ে সামনের দিনে দুই প্রতিবেশির সম্পর্ক কোথায় গিয়ে দাঁড়ায় তা এখনও স্পষ্ট হচ্ছে না। ঢাকা ও দিল্লির মধ্যে প্রবল আস্থার অভাব দেখা যাচ্ছে। বাংলাদেশে এখন ভারতবিরোধী ঝড় বয়ে যাচ্ছে। ভারতেও চলছে বাংলাদেশ বিরোধী তৎপরতা। কঠিন এই চ্যালেঞ্জের সময়ে শেখ হাসিনার উপস্থিতির কারণে ভারত বেশ সমস্যায় আছে। বাংলাদেশে গত ৫ই আগস্ট গণঅভ্যুত্থানের মুখে শেখ হাসিনার পতন হলে তিনি এরপর ২৯ পৃষ্ঠায়

### গভর্নর হোকুলের সতর্কতা জারি

## ২ ফুট তুষারে ডুবতে পারে নিউইয়র্ক

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের বাসিন্দাদের আগামী বুধবারের আসন্ন তুষার ঝড়ের কবল থেকে সতর্কভাবে থাকার আহবান জানিয়েছেন গভর্নর ক্যাথি হোকুল। এ সময় নিউইয়র্কে ২ ফুটের বেশি তুষারপাত হতে এরপর ২৯ পৃষ্ঠায়

## হাসিনার বক্তব্য ভারত সমর্থন করে না: বিক্রম মিশ্রি

আজকাল রিপোর্ট



বাংলাদেশের ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বক্তব্য সমর্থন করে না ভারত। কংগ্রেস নেতা শশী থারুরের নেতৃত্বে ভারতের পররাষ্ট্র বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির ব্রিফিংয়ে বাংলাদেশ নিয়ে এ কথা বলেছেন দেশটির পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্রি। তিনি মনে করেন এটা বাংলাদেশ ও ভারতের সম্পর্কের মধ্যে এরপর ৪০ পৃষ্ঠায়

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন ।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি ।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

বিনামূল্যে পরামর্শ
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED, President & CEO

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting, IRS Enrolled Agent, IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
CenterLight Health System
Anthem.
Hamaspik MANAGED CARE
MetroPlusHealth
S W H Senior Whole Health.
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
Shah M. Nawaz MBA
President & CEO
646-591-8396
CALL US NOW:
718-516-3425
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suit C
Ozone Park, NY 11416


www.banglabosoti.com
এ মাটি আমার,
এ জমিন আমার...
Bangla Bosoti
বাংলা বসতি
Hotline +88 09644100800
For Details Please Call
+88 01321100800, +88 01708152444-7
Corporate Office: 49, Lake Circus, Kalabagan, Dhanmondi, Dhaka-1205, Sales Office: Axis Delvista (3rd Floor), 7/1, Mirpur Road, Mohammadpur, Dhaka-1207. E-mail : info@banglabosoti.com

# ভারতের গণমাধ্যমে বাংলাদেশ নিয়ে প্রোপাগান্ডা সম্পর্কের এপিঠ-ওপিঠ

হাসান মাহামুদ

দ্বিপাক্ষিক সম্পর্ক বলতে বুঝায় দুটি দেশের মধ্যকার সম্পর্ককে। দুটি দেশের মধ্যে এই সম্পর্ক এক হিসেবে বহুমাত্রিকও। দুটি সার্বভৌম রাষ্ট্রের মধ্যকার রাজনৈতিক, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক সম্পর্ক পরিচালনা করাকে দ্বিপাক্ষিকতা বা দ্বিপাক্ষিক সম্পর্ক বলা যায়। এই দ্বিপাক্ষিক সম্পর্ক যদি প্রতিবেশী দেশের সাথে হয়, তাহলে তা অন্য যে কোনো দ্বিপাক্ষিক সম্পর্কের তুলনায় বিশেষ গুরুত্ব পায়। এটি মোটামুটি বিশ্বজুড়েই কূটনৈতিক ভাবে স্বীকৃত এবং মেনে চলা হয়।

ভারত বাংলাদেশের সবচেয়ে নিকটতম প্রতিবেশী দেশ। এমনকি দুটি দেশের মধ্যে সোনালী অতীত থাকায় সম্পর্কে গভীরতাও অনেক বেশি। কিন্তু গত চার মাসে এই দ্বিপাক্ষিক সম্পর্কে কিছুটা ছন্দপতনের সুর খুঁজে পাচ্ছেন কূটনীতিকরা, বিশেষজ্ঞরা। এর পেছনে দৃশ্যমান দুটি কারণও উপস্থাপন করা হচ্ছে। বিশেষ করে ৫ আগস্ট আওয়ামী লীগ সরকার পতনের পর থেকে ভারতের সাথে বাংলাদেশের সম্পর্কের অবনতি হয়েছে বলে উল্লেখ করেছেন অনেকে। আবার, অনেকে ইঙ্গিত করছেন বাংলাদেশের আভ্যন্তরীন ইস্যুতে ভারতের কিছু সংগঠনের অতিরিক্ত হস্তক্ষেপকে। তবে সবকিছু ছাপিয়ে সম্প্রতি যে বিষয়টি খুব বেশি আলোচনার জন্ম দিয়েছে, তা হলো- ভারতের গণমাধ্যমে বাংলাদেশ নিয়ে প্রোপাগান্ডা।

গণমাধ্যমের একাধিক বিশ্লেষক একে 'তথ্য সন্ত্রাস' বলেও উল্লেখ করছেন। ভারতে প্রতিনিয়ত রাজনৈতিক ভাষণ, গণমাধ্যমের প্রতিবেদন এবং সামাজিক মাধ্যম-সব মিলিয়ে যে আখ্যান তৈরি করা হচ্ছে, তা দেশটির হিন্দু-মুসলমান নির্বিশেষে অনেক সাধারণ মানুষও বিশ্বাস করে ফেলছেন। এর কিছুটা আঁচড়ও লাগছে দুই দেশের কূটনৈতিক চ্যানেলে। বস্তুনিষ্ঠ সাংবাদিকতাকে যেমন তথ্য সন্ত্রাস ম্লান করে দেয়। অনেকটা তেমনই এসব আখ্যান প্রভাব ফেলছে দুই দেশের সামাজিকতায়, সম্পর্কে।

গণমাধ্যমে বহুল প্রচলিত একটি বিষয় জেঁকে বসেছে যার নাম তথ্য সন্ত্রাস। তথ্য সন্ত্রাস মানে মিথ্যা তথ্যের দ্বারা জনগণকে বিভ্রান্ত করে সন্ত্রাস সৃষ্টি বা সন্ত্রাসের উস্কানি দেয়া। কোনো কায়েমী গোষ্ঠীর দ্বারা সাম্প্রদায়িক বা অন্য যে কোনো হীন স্বার্থে মিথ্যা, বানোয়াট, অতিরঞ্জিত ও উদ্দেশ্যমূলক তথ্য বা মিডিয়া প্রোপাগান্ডার মাধ্যমে হিংসা, বিদ্বেষ, দ্বন্দ্ব-সংঘাত ছড়িয়ে, শ্রেণী সম্প্রদায় বা জাতিগত হানাহানি ও রক্তক্ষয় সৃষ্টির মাধ্যমে ধর্মীয় প্রতিপক্ষকে ঘায়েল করার মাধ্যমে রাজনৈতিক ফায়দা হাসিল তথ্য সন্ত্রাসের পর্যায়ভুক্ত। বিশেষ করে সংবাদপত্র এবং ইলেক্ট্রনিক মিডিয়ার মাধ্যমে এ সন্ত্রাস ছড়ানো হলেও পুস্তক- পুস্তিকা, লিফলেট-পোস্টার, ভাষণ-বিবৃতি, মোটিভেশন-গুজব, ইন্টারনেট, ওয়েবসাইট, এনজিও এবং চলচ্চিত্রে প্রদর্শিত গল্প, নাটক ও সিনেমা ইত্যাদির মাধ্যমেও তা ছড়াচ্ছে সংক্রামক ব্যাধির মতোই। তথ্য সন্ত্রাস ও ইয়েলো জার্নালিজম প্রায় একে অপরের সমার্থক।

শেখ হাসিনার সরকারের পতনের পর থেকেই বাংলাদেশ নিয়ে ভারতের গণমাধ্যমে একটা বিরোধিতার সুর দেখা যাচ্ছিল। তবে চিন্ময় কৃষ্ণ দাসের গ্রেপ্তারের পর তা যেন চূড়ান্ত রূপ নিয়েছে। তথ্য সন্ত্রাস যেন জেঁকে বসেছে ভারতের কিছু গণমাধ্যম এবং কিছু সংগঠনের মধ্যে। চিন্ময় কৃষ্ণ দাসের গ্রেপ্তারের এই ঘটনার পর থেকে ভারতের গণমাধ্যমে এক ধরনের 'যুদ্ধংদেহী' মনোভাব দেখা যাচ্ছে। প্রতিবেদনের ভাষা, উপস্থাপনা এবং তথ্য যাচাই না করেই তা প্রকাশ করা হচ্ছে ভারতের এক শ্রেণির গণমাধ্যমে।




বাংলাদেশকে কেন্দ্র করে ভুয়া খবর ছড়াচ্ছে সামাজিক মাধ্যমেও। এক্স বা ফেসবুক পোস্টে বেশিরভাগ ক্ষেত্রে হ্যাশট্যাগ ব্যবহার করা হচ্ছে 'সেভ বাংলাদেশি হিন্দুজ', 'প্রে ফর বাংলাদেশি হিন্দুজ' প্রভৃতি। 'হাজার হাজার হিন্দুকে বাংলাদেশে হত্যা করা হচ্ছে', 'হিন্দুদের ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করে দেয়া হচ্ছে', 'হিন্দু নারীদের ধর্ষণ করা হচ্ছে' এ ধরনের উদ্ভট বাক্য প্রায়ই শুনতে পাওয়া যাচ্ছে চিন্ময় কৃষ্ণ দাসের গ্রেপ্তারের বিরুদ্ধে ভারতে সংগঠিত বিভিন্ন বিক্ষোভ থেকে। আবার সেগুলো প্রকাশ করছে দেশটির বিভিন্ন গণমাধ্যমে।

তবে এসব খবর পর্যালোচনা করে দেখা যায়, ভারতের মূল গণমাধ্যমে নয়, আঞ্চলিক গণমাধ্যমেই বাংলাদেশ নিয়ে প্রোপাগান্ডা ছড়াচ্ছে বেশি। যদিও অঞ্চলের গণমাধ্যমের কিছুটা প্রভাব অন্য অঞ্চলেও পড়ে।

একটা সময়ে ভারতীয় গণমাধ্যমে বাংলাদেশ আর ভারতে 'সুসম্পর্ক' নিয়ে অনেক খবর প্রকাশিত হতো। শেখ হাসিনা ভারতের শাসক দলের ঘনিষ্ঠ হওয়ায় ভারতীয় মূলধারার সংবাদমাধ্যমগুলো এক সময় পক্ষে অবস্থান নিত। এখন পরিবর্তিত পরিস্থিতিতে

ভারতের সংবাদমাধ্যম ভূমিকা বদলিয়েছে। অর্থ্যাৎ, ভারতের মিডিয়ায় এর আগে যেভাবে ভারত-বন্ধু শেখ হাসিনার প্রতি প্রচ্ছন্ন সমর্থন দেখিয়েছে, ঠিক সেই পথেই অধিকাংশ মিডিয়া হাসিনা সরকারের পতনের পর মুহাম্মদ ইউনুস পরিচালিত অন্তর্বর্তী সরকারের বিরুদ্ধে সরব হয়েছে। কারণ, তারা মনে করছে বাংলাদেশের এই সরকার ভারতের বর্তমান শাসকদলের বিরোধী। শেখ হাসিনার সরকারের পতনের পর থেকে মূলধারার গণমাধ্যম বাংলাদেশ নিয়ে একটা সন্দেহের বাতাবরণ তৈরি করেছে। তারা বারবার প্রশ্ন তুলছে, বাংলাদেশের সরকারের পরিচালনা নিয়ে, কারা এই সরকার পরিচালনা করছে তা নিয়ে।

ভারতের কিছু হিন্দুত্ববাদী নেতা-নেত্রীদের রাজনৈতিক মনোভাব বা চিন্তাভাবনাকেও এর এরপর ৪০ পৃষ্ঠায়




বাংলাদেশে ভারতীয় চ্যানেল বন্ধ হওয়ার গুজব, বাংলাদেশে মুসলিমদের হামলায় হিন্দু মন্দিরে প্রতিমা ভাঙচুরের দাবিতে ভারতের প্রতিমা বিসর্জনের ভিডিও প্রচার, শ্যামলী পরিবহনের বাসে হামলার মিথ্যা তথ্য, চিন্ময় কৃষ্ণের আইনজীবীর ওপর হামলার ভুয়া দাবি এবং বাংলাদেশে জঙ্গি হামলা হতে পারে জানিয়ে যুক্তরাজ্যের ভ্রমণ সতর্কতা জারির বিভ্রান্তিকর খবর। কূটনৈতিক দৃষ্টিকোণ থেকে যদি বলা হয়, তাহলে এসব আভ্যন্তরীন বিষয়ে হস্তক্ষেপের চেয়ে দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে ভাবাই বেশি জরুরী। সাম্প্রদায়িক বিভাজনে চেষ্টাকে আরও প্রশ্রয় দিলে সম্পর্কে কিছুটা হলেও আঁচড় পড়ার আশঙ্কা রয়েছে। তাই যত দ্রুত সম্ভব এ বিষয়ে দুদেশেরই উদ্যোগী হওয়া উচিত। পরিস্থিতি থেকে উত্তরণের একমাত্র মাধ্যম আলাপ-আলোচনা

# 'মুন্নী সাহার মত হতে চাই'

আমিনুল ইসলাম

সাংবাদিক মুন্নী সাহা এখন কই আছেন আমার জানা নেই। তবে তিনি অতি অবশ্যই আমার এই লেখা পড়বেন। এর মাঝে নিশ্চয় আপনারা জেনে গিয়েছেন, মুন্নী সাহার ব্যাংক একাউন্টে ১৩৪ কোটি টাকা পাওয়া গিয়েছে। এর বেশিরভাগ টাকাই তিনি তুলে নিয়েছেন। এখন মনে হয় আছে ১৪/১৫ কোটি টাকা। ২০০৮ সালে সুইডেনের লুন্ড ইউনিভার্সিটি থেকে এশিয়ান স্টাডিজে মাস্টার্স শেষ করে এক মুহূর্তও আর দেরি করি নি। সোজা বাংলাদেশে চলে গিয়েছিলাম। আমার ইচ্ছে- সাংবাদিকতা করবো। কিংবা খবর পাঠ করবো। সে অনুযায়ী আবেদন করতে শুরু করলাম। এর মাঝে ঢাকার নর্থ-সাউথ ইউনিভার্সিটিতে শিক্ষক হসাবে জয়েন করেছি। কিন্তু আমার তো ইচ্ছে- সংবাদ মাধ্যমে কাজ করার। তাই আবেদন করে যাচ্ছিলাম। এক সময় এনটিভি থেকে ডাক আসলো। দুইটা ইন্টার্ভিউ দেয়ার পর ফাইনাল ইন্টার্ভিউ দিতে গেলাম তখনকার এনটিভির মালিকের রুমে। তিনি আমাকে বললেন - আপনার যে যোগ্যতা। আপনি কি আদৌ এ কাজ করবেন? আমি হেসে বললাম - করবো বলেই তো আবেদন করেছি। তিনি এবার হেসে বললেন - আপনি অনেক ভালো



জায়গায় পড়াচ্ছেন। বরং সেখানেই থাকুন। আমি এবার হেসে বললাম - এর মানে আমার চাকরিটা হচ্ছে না; তাই তো? - না না। আপনি চমৎকার করে কথা বলেন। আপনি চাইলে জয়েন করতে পারেন। কিন্তু আমার ধারণা আপনি যেখানে আছেন, সেখানে থাকাই ভালো। এরপর আমাকে অফার দেয়া হয়েছিলো সংবাদ পড়তে। কিন্তু আমার মা যেতে দিলেন না। এত কিছু লেখার কারন হচ্ছে- আজ যখন দেখতে পেলাম মুন্নী সাহার ব্যাংক একাউন্টে ১৩৪ কোটি টাকা! তখন সোজা গিয়ে খানিক গুগল করলাম। যদিও আমি উনাকে চিনি। এরপরও ভালো করে জানার জন্য। তিনি ইডেন কলেজ থেকে বিএসসি (ডিগ্রী) পাশ করেছেন। এরপর ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রিলিমিনারী মাস্টার্স করেছেন। এছাড়া ভোরের কাগজ এবং এটিএন নিউজে সাংবাদিকতা করেছেন। এই হচ্ছে উনার যোগ্যতা। মানে সাংবাদিকতা করতে এসে উনার ভাগ্য খুলে গিয়েছিলো। ঢাকায় গুলশান লিঙ্ক রোডের পাশে ডুপ্লেক্স বাড়ি আছে। ব্যাংকে শত শত কোটি টাকা! তাহলে বুঝতে পারছেন তো- কারা সাংবাদিকতা করতো? আর আমরা কেমন সংবাদ পেতাম! আমি শুধু চিন্তা করছিলাম- আমাদের পক্ষে কি এক জীবনে এত টাকা ইনকাম করা সম্ভব? পড়াশুনা পেছনেই প্রায় ৩০ বছর কাটিয়ে দিয়েছি। শাহজালাল বিশ্ববিদ্যালয়ে অনার্স-মাস্টার্স করেছি। এরপর সুইডেনে আরেকটা মাস্টার্স। ইংল্যান্ডে পিএইচডি করে এখন এস্তোনিয়ায় ছোট একটা বিশ্ববিদ্যালয়ে পড়াচ্ছি। ইউরোপে থাকছি ২০ বছর হতে চলেছে। পৈতৃক সূত্রেই আমি মোটামুটি স্বচ্ছল পরিবারের মানুষ। বাবার ঢাকায় একটা অতি সাধারণ বাড়ি আছে। গ্রামে কিছু সম্পত্তি। এই টাইপ আরকি। সেই আমার পক্ষেই সম্ভব হচ্ছে না পুরনো বাড়িটা ভেঙে একটা নতুন বাড়ি বানানো। মানে জায়গা আছে। কিন্তু বাড়ি বানানোর টাকা নেই। আশপাশের লোকজন এসে প্রায়ই বলে- ভেঙে পড়বে না-তো! অথচ দেখেন মুন্নী সাহারা শত কোটি টাকার মালিক বনে গিয়েছেন। কারন উনারা দিনে-রাতে বিকিয়েছেন। লিখতে গেলে অনেক কিছু লেখা যায়। কারন আমি উনাকে কিছুটা হলেও চিনি এবং জানি। শুধু এত টুকু বলি- ওই আমলে অনেক মানুষকে বলতে শুনেছি- মুন্নী সাহার মত হতে চাই। আমি এসব শুনে ভাবতাম- একটা মানুষ, যে কিনা সকাল-বিকাল বিকোচ্ছে। ছেলে-মেয়েগুলো কিনা এর মত হতে চায়! কোন দিন শুনেছেন- কেউ এই আমাদের মত হতে চায়? যে জীর্ণ বাসায় থাকে, রিকশায় কিংবা সিএনজিতে করে এখানে-ওখানে যায়। মুন্নী সাহারা এমনি এমনি তৈরি হয় না। এদের তৈরি করা হয়। যাদের দেখে পুরো সমাজ এদের মত হতে চায়। শাসক গোষ্ঠী এভাবেই কিছু চকচকে মানুষ তৈরি করে রাখে। আর পুরো সমাজ ওই চকচকের পেছনেই ছুটে বেড়ায়।

লেখক: কলামিস্ট।



কারন উনারা দিনে-রাতে বিকিয়েছেন। লিখতে গেলে অনেক কিছু লেখা যায়। কারন আমি উনাকে কিছুটা হলেও চিনি এবং জানি। শুধু এত টুকু বলি- ওই আমলে অনেক মানুষকে বলতে শুনেছি- মুন্নী সাহার মত হতে চাই। আমি এসব শুনে ভাবতাম- একটা মানুষ, যে কিনা সকাল-বিকাল বিকোচ্ছে। ছেলে-মেয়েগুলো কিনা এর মত হতে চায়! কোন দিন শুনেছেন- কেউ এই আমাদের মত হতে চায়? যে জীর্ণ বাসায় থাকে, রিকশায় কিংবা সিএনজিতে করে এখানে-ওখানে যায়। মুন্নী সাহাররা এমনি এমনি তৈরি হয় না। এদের তৈরি করা হয়। যাদের দেখে পুরো সমাজ এদের মত হতে চায়। শাসক গোষ্ঠী এভাবেই কিছু চকচকে মানুষ তৈরি করে রাখে। আর পুরো সমাজ ওই চকচকের পেছনেই ছুটে বেড়ায়

২০০৮ সালে সুইডেনের লুন্ড ইউনিভার্সিটি থেকে এশিয়ান স্টাডিজে মাস্টার্স শেষ করে এক মুহূর্তও আর দেরি করি নি। সোজা বাংলাদেশে চলে গিয়েছিলাম। আমার ইচ্ছে- সাংবাদিকতা করবো। কিংবা খবর পাঠ করবো। সে অনুযায়ী আবেদন করতে শুরু করলাম। এর মাঝে ঢাকার নর্থ-সাউথ ইউনিভার্সিটিতে শিক্ষক হসাবে জয়েন করেছি। কিন্তু আমার তো ইচ্ছে- সংবাদ মাধ্যমে কাজ করার

# ‘টম অ্যান্ড জেরি’: অদম্য জেরি’কে হারানো সম্ভব নয়!

অনেকেই হয়তো বিশ্বাস করছেন রিলিজিয়াস ক্লিনজিংয়ের বয়ানও। এ রকম একটা চরমপন্থী, বিভক্তি সৃষ্টিকারী, পরিচয়বাদী রাজনৈতিক পরিবেশে ভোটের রাজনীতি করা রাজনীতিবিদদের সামনে ক্রমাগতভাবে চরমপন্থী হয়ে ওঠার ঝুঁকি তৈরি হয়। বাংলাদেশকে নিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের চরম আপত্তিকর মন্তব্যটির কারণ সম্ভবত এটিই। বাংলাদেশ প্রশ্নে ভারতের সরকার, মিডিয়া এবং রাজনীতির সাম্প্রতিক প্রতিক্রিয়া আমাদের সামনে এই আলাপও নিয়ে এসেছে, পররাষ্ট্রনীতির ক্ষেত্রে ভারত কি সঠিক পদক্ষেপ নিচ্ছে, যেটা মধ্য এবং দীর্ঘ মেয়াদে বাংলাদেশসহ এই অঞ্চল তো বটেই, ভারতের জন্যও ভালো হবে? এই প্রশ্নের উত্তরও নিশ্চয়ই খুঁজব আমরা

সৈয়দ আব্দুল আজিজ



কার্টুন ছবির আদলে উপমহাদেশে এখন চলছে টম ও জেরি’র বাস্তব যুদ্ধ। ‘টম’ এর অবলম্বন হলো তার দৈহিক ও শারীরিক সামর্থ্য, ফুটচাল আর ষড়যন্ত্র। অন্যদিকে দৈহিক আকৃতিতে ক্ষুদ্র হলেও লড়াকু মানসিকতা, বুদ্ধিমত্তা আর বাস্তবধর্মী সিদ্ধান্তের ফলে জেরি সবসময়ই অদম্য ও অপ্রতিরোধ্য। ‘টম’ এর প্রতিটি আক্রমণে মনে হয় ‘জেরি’ বুঝি শেষ! কিন্তু না, ভেংচি কেটে বিজয়ীর বেশে সব ফুটচাল ভেঙে বেরিয়ে আসে জেরি। দুর্দান্ত নাটকীয়তা আর রোমাঞ্চে ভরা ‘টম অ্যান্ড জেরি’ কার্টুন ছবিকে দৃশ্যত বিনোদনমূলক মনে হলেও প্রতীকী এ ছবির মধ্যে প্রতিফলিত হয়েছে বৃহৎ ও ক্ষুদ্র রাষ্ট্রের লড়াই। ১৯৪০ থেকে ১৯৫৮ সালের মধ্যে নির্মিত ছবিটিতে দ্বিতীয় বিশ্বযুদ্ধ এবং তদপরবর্তী শীতল যুদ্ধকৌশল তুলে ধরা হয়েছে। এ সময়ে শক্তিধর মার্কিন বলয়ের সঙ্গে ছোট ছোট রাষ্ট্রের টিকে থাকার লড়াই চলছিল। তবে বিশ্বব্যাপী তুমুল জনপ্রিয় এ ছবিটির নির্মাতা উইলিয়াম হানা (১৯১০-২০০১) এবং জোসেফ বারবেরা (১৯১১-২০০৬) হয়তো কল্পনাও করতে পারেন নাই যে, তাদের ছবি ‘টম অ্যান্ড জেরি’ ২০২৪ সালে এসে ভারত-বাংলাদেশ এর পরিস্থিতিকে এভাবে প্রতিনিধিত্ব করবে! ‘টম’ চরিত্রে ভারত আর ‘জেরি’ চরিত্রে বাংলাদেশকে কল্পনা করলে যেন হুবহু মিলে যায় ছবির ঘটনা প্রবাহ আর চরিত্রগুলো। শক্তিশালী টমকে সাহায্য করার জন্য আছে বুচি (ইঃপয) নামের কালো বিড়াল (কালো কোটধারী) আর আছে প্রেয়সী ‘টুডলস’ (ঞড়ড়ফষবং), যার কাজ হচ্ছে সব সময় ‘টম’ এর মন জয় করা আর জেরিকে টমের জালে আটকে ফেলার উস্কানী দেয়া। ভারত-বাংলাদেশের চলমান পরিস্থিতি আর টম-জেরি’র কার্টুন ছবির বিষয় যেন একাকার হয়ে গেছে।

টম (ভারত) এর বহুমুখী চরিত্র

‘টম’ প্রতিপক্ষ ‘জেরি’কে শায়েস্তা করতে নানা কৌশল এবং বহুমুখী ফাঁদ তৈরি করে। জটিল সব পরিকল্পনার সঙ্গে নানা সরঞ্জাম দিয়ে জেরিকে আটকে ফেলার ব্যবস্থা করে। এসব কলাকৌশল পূর্ণ করতে টম বিভিন্ন রূপে আবির্ভূত হয়, অভিনয়ের আশ্রয় নেয়: যেমন সংগীতশিল্পী রূপে, জেরি’র বন্ধু রূপে এমনকি কোনো কোনো সময় সে পাহারাদারের (চৌকিদার) ভূমিকা পালন করে। কোনো কোনো সময় জেরির সঙ্গে জোটবদ্ধ হয়ে শত্রুর সঙ্গে যুদ্ধে অংশগ্রহণ করে। আদ্যোপান্ত জেরিকে নাকাল করতে টম ধূর্তামীর আশ্রয় নেয়, কিন্তু পদে পদে অদূরদর্শীতা আর অদক্ষতার কারণে পরাস্ত হয়। রাগে ক্ষোভে হতাশা থেকে টম পুনঃ পুনঃ জেরিকে ধ্বংস করার কাজে লিপ্ত হয়।

অদম্য জেরির রণকৌশল!

কার্টুন ছবিতে টম জেরি’র যুদ্ধ অব্যাহতভাবে চলতে থাকলেও অধিকাংশ পর্বে জেরিকে বিজয়ী আর টমকে পরাজিত হতে দেখা যায়। জেরি টমের পাতানো ফাঁদকে বুদ্ধিমত্তা দিয়ে টমের বিরুদ্ধেই কাজে লাগায়। কিছু কিছু পর্বে টমকে জেরি’র ওপর আধিপত্য প্রতিষ্ঠা করতে দেখা যায়। টম কোনো কোনো সময় জেরিকে পাকড়াও করতে সক্ষম হলেও শেষ অবধি জেরি পাকড়াও অবস্থা থেকে মুক্ত হয়। এতে টমের বিজয় দীর্ঘস্থায়ী হয় না। কিছু কিছু পর্বে টম ও জেরি একত্রে শত্রু’র মোকাবিলা করে এবং তাদের মধ্যে লুকানো বন্ধুত্ব প্রকাশ পায়। সামগ্রিকভাবে ‘টম অ্যান্ড জেরি’ কার্টুন ছবি বিশ্লেষণ করলে জেরির আচরণে অদম্য সাহসীকতা, অভিযোজনশীলতা (অফড়ঢ়ঃধনরষরঃু), সৃজনশীলতা (ঈৎবধঃরারঃু), দ্রুত বুদ্ধি খাটিয়ে চ্যালেঞ্জ মোকাবিলা করার মানসিকতা, প্রতিপক্ষ টমের অস্থিরতা ও তাড়াহুড়োর দুর্বলতাকে কাজে লাগানো এবং টমের বিরুদ্ধে হাল না ছাড়ার মানসিকতা লক্ষ্য করা যায়।

আগ্রাসী টম (ভারত), আক্রান্ত জেরি (বাংলাদেশ)!

ফিরে আসা যাক ছবির জগৎ থেকে বাস্তবে। প্রতিবেশী দেশ দু’টি ভারত আর বাংলাদেশ (টম এবং জেরি) এখন শীতল যুদ্ধের মুখোমুখি। দীর্ঘ ১৬ বছর ধরে চলা অত্যাচার নিষ্পেষণ শেষে বাংলাদেশ এর মুক্তিতে ভারত হারিয়েছে তার নির্ভরযোগ্য দল এবং প্রেয়সীকে (ছবিতে ‘বুচি’ বা কালো বিড়াল এবং ‘টুডলস’)। উন্মত্ত ভারত এখন শুরু করেছে নতুন যুদ্ধ; এসব আগ্রাসী ষড়যন্ত্রের মুখে আক্রান্ত বাংলাদেশ, কীভাবে মোকাবিলা করবে সেটাই দেখার অপেক্ষায়!



বাংলাদেশ: চির উন্নত মম শির!

বাংলাদেশ শির উঁচু করে দাঁড়িয়েছে সব কালে, সব সময়। ইতিহাস সে কথাই বলে। বৃটিশ শাসনামলের পূর্বে অঞ্চলটি ছিল শস্য-শ্যামলে, ফুল-ফসলে সমৃদ্ধ এক জনপদ। বাণিজ্যে ছিল শক্তভিত্তি। জাহাজ, বস্ত্রশিল্পসহ সমুদ্রবাণিজ্যে ছিল জগৎজোড়া খ্যাতি। বৃটিশদের ১৯০ বছরের লুণ্ঠনে সমৃদ্ধ এ জনপদ পরিণত হয় বিশ্বের দরিদ্রতম অঞ্চলে। বৃটিশদের বদৌলতে কলকাতাকেন্দ্রিক পশ্চিমবঙ্গের জৌলুসের কাছে চাপা পড়ে যায় সমগ্র পূর্ববঙ্গ। সীমাহীন এসব বঞ্চনা আর লুণ্ঠনের বিরুদ্ধে লড়াই সূচনা করে এ অঞ্চলের মানুষ, বৃটিশ শাসন অবসানে পালন করে গুরুত্বপূর্ণ ভূমিকা। লাহোর প্রস্তাবের মাধ্যমে পাকিস্তান রাষ্ট্রের যৌক্তিক ভিত্তি তৈরি করে এই অঞ্চলেরই নেতৃবৃন্দ। আবার বঞ্চনা আর বৈষম্যের প্রতিবাদে নিজেদের গড়া পাকিস্তানকে ‘আসসালামু আলাইকুম’ বলে বিদায় করতেও বিলম্ব করেনি। ১৯৪৭ থেকে ২০২৪ এই ৭৭ বছরে এরপর ২৬ পৃষ্ঠায়






# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



## এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

**মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।**

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

## 917-282-9256

Moin Choudhury, Esq

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

## এক্সিডেন্ট কেইসেস

**বিনামূল্যে পরামর্শ**
**কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা**
**গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে**
**বিকলাঙ্গ শিশুর জন্য**
**ফেডারেল ডিজএবিলিটি**
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

KARNAFULLY TRAVEL INC. (Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372


E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# শেখ হাসিনার ব্যাপারে ভারতকে কড়া বার্তা দিতে হবে

বর্ষা বিপ্লবে ক্ষমতাচ্যুত শেখ হাসিনা ভারতে অবস্থান নিয়ে নানা বক্তব্য-বিবৃতি দিচ্ছেন। শেখ হাসিনা যদি ভারতে অবস্থান করে বাংলাদেশকে অস্থিতিশীল করতে অপপ্রচার চালান, সেটি বন্ধ করার জন্য আমাদের শক্ত অবস্থান নিতে হবে। ভারতকে খুব স্পষ্ট বার্তা দিতে হবে, শেখ হাসিনার এ ধরনের অপকর্ম আমাদের কাছে মোটেও গ্রহণযোগ্য নয়। শেখ হাসিনা ভারতে থেকে বাংলাদেশে তাঁর নেতা-কর্মীদের সঙ্গে যেভাবে যোগাযোগ করছেন, সেটি আমাদের অভ্যন্তরীণ শান্তি-শৃঙ্খলার জন্য হুমকি। এটা বন্ধে ভারতকে অবশ্যই পদক্ষেপ নিতে হবে। বাংলাদেশ-ভারত পারস্পরিক সম্পর্ক ভালো থাকলে তাতে দুই দেশই লাভবান হতে পারে। আস্থার যে সংকট তৈরি হয়েছে, সেই আস্থা ফিরিয়ে আনতে হবে। সম্পর্কের ক্ষেত্রে দুই দেশের জনগণকে প্রাধান্য দিতে হবে

আ ন ম মুনীরুজ্জামান



বাংলাদেশের পররাষ্ট্র সম্পর্কের ক্ষেত্রে বাংলাদেশ-ভারত সম্পর্কটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। আমরা দুটি প্রতিবেশী রাষ্ট্র। শেখ হাসিনার ক্ষমতা থেকে বিদায়ের পরে দুই দেশের সম্পর্ক একটা শীতল পর্যায়ে চলে গেছে এবং সেটির উন্নতির কোনো লক্ষণ দেখা যাচ্ছে না; বরং দিন দিন আরও অবনতি হচ্ছে। বলা চলে, সম্পর্কের ক্ষেত্রে দুই দেশের মধ্যে একটা টানাপোড়েন চলছে।

ইদানীং কিছু ঘটনা এই টানাপোড়েনকে নতুন মাত্রায় নিয়ে গেছে। ভারতের ত্রিপুরায় বাংলাদেশের সহকারী হাইকমিশনে হামলা হয়। এটা ভিয়েনা চুক্তির পরিপন্থী। এ ছাড়া ভারতের গণমাধ্যমে বাংলাদেশ সম্পর্কে বিদ্বেষমূলক লেখালেখি চলছে। ভারতীয় টেলিভিশনে বাংলাদেশ নিয়ে ভুল ও উসকানিমূলক তথ্য পরিবেশন করা হচ্ছে। এটা বিদ্যমান পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছে।

'বর্ষা বিপ্লব'-পরবর্তী সময়ে বাংলাদেশের অভ্যন্তরে আমূল পরিবর্তন এসেছে। এই ঐতিহাসিক পরিবর্তনকে ভারত সঠিকভাবে অনুধাবন করতে পারে না। এ কারণে তারা বাংলাদেশের নতুন পরিস্থিতিকে এখন পর্যন্ত গ্রহণ করতে পারেনি।

বাংলাদেশ-ভারত সম্পর্কটা যদি বিশ্লেষণ করি, তাহলে দেখব ১৬ বছর ধরে ভারত বাংলাদেশের একটি রাজনৈতিক দল আওয়ামী লীগ ও এর নেতা শেখ হাসিনাকে এককভাবে সমর্থন দিয়ে আসছিল। অনেকটা এই সমর্থনের কারণেই শেখ হাসিনা তাঁর ১৬ বছরের স্বৈরশাসন চালিয়ে যেতে পেরেছিলেন। অথচ পর্যবেক্ষক পর্যায়ে আমরা বারবার বলে এসেছি, দুই দেশের সম্পর্কের ক্ষেত্রে দুই দেশের জনগণকে প্রাধান্য দেওয়া উচিত। ভারতের নীতিনির্ধারকদের ভুল নীতির কারণে দেশটি সম্পর্কে বাংলাদেশের জনগণের মধ্যে সার্বিক একটি বিরূপ ধারণা গড়ে উঠেছে। প্রতিবেশী রাষ্ট্র হিসেবে আমাদের একে অপরের সঙ্গে বসবাস করতে হবে, এই ভৌগোলিক বাস্তবতা পরিবর্তন সম্ভব নয়। দুই দেশের জনগণ ও রাষ্ট্রীয় স্বার্থে একটি কার্যকর ও মর্যাদাপূর্ণ সম্পর্ক থাকাটা একেবারে বাঞ্ছনীয়। এর কোনো বিকল্প রাস্তা আমরা দেখি না। বিশেষ করে বর্তমান আঞ্চলিক ভূরাজনৈতিক বাস্তবতায় নতুন নতুন যে চ্যালেঞ্জ আসছে, সেখানে প্রতিবেশী দুই দেশের মধ্যে সম্পর্ক যাতে আরও বৃদ্ধি পায়, সেদিকে নজর দেওয়া উচিত।



এ ক্ষেত্রে বাংলাদেশের দিক থেকেও পদক্ষেপ নেওয়ার আছে। ভারতে বাংলাদেশের দূতাবাস ও উপদূতাবাসের মাধ্যমে যে ধরনের উদ্যোগ নেওয়া দরকার ছিল, কার্যত সেই পদক্ষেপ দেখছি না। ভারতে প্রচারিত ভুল তথ্য মোকাবিলা করার উদ্যোগ আমরা দেখতে পাচ্ছি না। বর্তমানে দিল্লিতে বাংলাদেশ দূতাবাসে কোনো হাইকমিশনার নেই। এত গুরুত্বপূর্ণ একটি দূতাবাসে যদি নেতৃত্বের অভাব থাকে, তার একটি প্রভাব পড়া তো স্বাভাবিক।

গত কয়েক মাসে আমাদের পররাষ্ট্র মন্ত্রণালয়কে ঢিলেঢালাভাবে কাজ করতে দেখছি। একটি বিপ্লবোত্তর বাস্তবতায় আমাদের পররাষ্ট্রনীতি যে রকম গতিশীল হওয়া দরকার ছিল, সেখানে ঘাটতি দেখা যাচ্ছে। তাদের কাজের ধারা এখনো গতানুগতিক, নতুন উদ্যোগ নেওয়ার চিহ্ন দেখা যায়নি। আমাদের উচিত হবে, পররাষ্ট্রনীতি ও পররাষ্ট্রবিষয়ক কার্যক্রম (বিশেষ করে যেসব রাষ্ট্রের সঙ্গে আমাদের সম্পর্ক স্পর্শকাতর ও গুরুত্বপূর্ণ) আরও গতিশীল করা।

বাংলাদেশ-ভারত সম্পর্কে আস্থার ঘাটতির মধ্যেই ঢাকায় দুই দেশের পররাষ্ট্রসচিব পর্যায়ে একটি বৈঠক হয়ে গেল। আমরা আশা করব, এই উদ্যোগ যেন এগিয়ে নেওয়া হয়। দুই দেশের মধ্যে কূটনৈতিক যোগাযোগ অন্য যেকোনো সময়ের চেয়ে আরও বৃদ্ধি করা প্রয়োজন। আমি এর আগে গণমাধ্যমে বলেছিলাম, ভারতের পক্ষ থেকে যদি কোনো বিশেষ দূতকে বাংলাদেশে পাঠানো হয়, তাহলে দুই দেশের সম্পর্কে যে টানাপোড়েন তৈরি হয়েছে, সেটি উত্তরণে সহায়ক হবে। একইভাবে বাংলাদেশের বিশেষ দূত ভারতে গিয়ে দুই দেশের সম্পর্ক গতিশীল করতে প্রচেষ্টা চালাতে পারেন।

সম্প্রতি আমরা দেখছি, ভারতীয় নেতারা নানা ধরনের উসকানিমূলক বক্তব্য দিচ্ছেন। এর কারণে দুই দেশের সম্পর্ক একটি তিক্ততার পর্যায়ে চলে যেতে বসেছে। এই পরিস্থিতিতে যেকোনো সময় যেকোনো ভুল পদক্ষেপ আসতে পারে। সে কারণেই আমাদের কূটনীতিটা আরও গতিশীল, উদ্ভাবনমূলক ও শক্ত হওয়া প্রয়োজন। আমাদের জাতীয় স্বার্থ সমুন্নত রেখে, আমাদের মর্যাদা বজায় রেখে কূটনৈতিক সম্পর্কটা বাড়ানো প্রয়োজন।

কূটনীতির বাইরে গিয়েও দুই দেশের রাজনৈতিক পর্যায়ে নতুন করে যোগাযোগ ও আলাপ-আলোচনা হতে পারে। সেটি ঢাকা বা দিল্লিতে কিংবা তৃতীয় কোনো দেশেও হতে পারে।

ভারতের পররাষ্ট্রসচিবকে আমাদের সমস্যাগুলো, উদ্বেগগুলো জানানোর চেষ্টা করা হয়েছে। এগুলোকে কতটুকু গুরুত্ব দেওয়া হচ্ছে, সেটি নির্ভর করবে ভারতের ওপর। তবে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এ বৈঠক নিয়ে যে তথ্য প্রকাশ করা হয়েছে, সেটি খুব সাদামাটা। সেখানে বলা হয়েছে, বিভিন্ন বিষয়ে আলাপ-আলোচনা হয়েছে। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বক্তব্য থেকে আমরা জানতে পারছি, সীমান্ত হত্যা, এরপর ২৬ পৃষ্ঠায়

# ভিন্নমতের রাজনীতি এখনো কেন লক্ষ্যবস্তু হবে

মনোজ দে

'পাতা ছেঁড়া নিষেধ' শিরোনামে একটি গাছের পাঁচটি পাতায় আদিবাসী, খ্রিষ্টান, হিন্দু, বৌদ্ধ, মুসলিম লেখা অন্তর্ভুক্তিমূলকতার আইকনিক সেই গ্রাফিতিটিও সেখানে ঠাঁই পেয়েছে।

'পাতা ছেঁড়া নিষেধ' শিরোনামে একটি গাছের পাঁচটি পাতায় আদিবাসী, খ্রিষ্টান, হিন্দু, বৌদ্ধ, মুসলিম লেখা অন্তর্ভুক্তিমূলকতার আইকনিক সেই গ্রাফিতিটিও সেখানে ঠাঁই পেয়েছে।


ছাত্র-জনতার অভ্যুত্থানের ১০০ দিন পেরোতে না পেরোতে এই অভ্যুত্থানের অন্যতম প্রাণশক্তি 'অন্তর্ভুক্তিমূলকতা' শব্দটি খানিকটা যেন সাইডলাইনের শব্দ হয়ে উঠেছে। বলা যায় এই শব্দটির মানে অনেকের কাছে তাদের নিজেদের মতে অন্তর্ভুক্ত হওয়া হয়ে উঠেছে। অথচ শেখ হাসিনার দীর্ঘ স্বৈরাচারী শাসন ও অপমান, তার অলিগার্ক ও আমলাদের সম্পদ লুণ্ঠন, দুর্নীতি ও পাচারের বিরুদ্ধে ধর্ম-বর্ণ-শ্রেণির মানুষ ঐক্যবদ্ধ হয়েছিলেন। জীবন দিতে হতে পারে সেটি অনিবার্য জেনেও তাঁরা হাসিনার পুলিশ, র‍্যাব ও নিরাপত্তা বাহিনী ও ভাড়াটে অস্ত্রধারীদের বুলেটের সামনে বুক চিতিয়ে দাঁড়িয়েছিলেন। অভ্যুত্থানের জনপ্রিয় স্লোগান হয়ে দাঁড়িয়েছিল তাই, 'তুমি কে, আমি কে, বিকল্প বিকল্প'।

অভ্যুত্থানের দিনগুলোতে এবং পরের দিনগুলোতে শিক্ষার্থীরা নতুন বাংলাদেশ কেমন হবে দেয়ালে দেয়ালে তার যে ছবি এঁকেছে, সেখানে একটি প্রধান সুরই ছিল অন্তর্ভুক্তিমূলকতা। শুধু ঢাকায় নয়, সারা দেশের শিক্ষার্থী গ্রাফিতিতে নতুন বাংলাদেশ গড়ার স্বপ্নের কথা জানিয়েছেন। সম্প্রতি আমি যশোরে গিয়েছিলাম। এম এম কলেজের দেয়ালে দেখে এসেছি, 'কল্পনা চাকমা কোথায় গেল জবাব দাও' লেখা গ্রাফিতি। 'পাতা ছেঁড়া নিষেধ' শিরোনামে একটি গাছের পাঁচটি পাতায় আদিবাসী, খ্রিষ্টান, হিন্দু, বৌদ্ধ, মুসলিম লেখা অন্তর্ভুক্তিমূলকতার আইকনিক সেই গ্রাফিতিটিও সেখানে ঠাঁই পেয়েছে।

একটি বিপ্লব, একটি অভ্যুত্থান সবচেয়ে বড় শক্তির জায়গাটিই হলো মানুষে মানুষে সংহতিবোধ। কার কী দল, কার কী মত, কার কী পরিচয় সেটিকে পেছনে রেখে মানুষ পথে নামে, পথেই তৈরি হয় অভূতপূর্ব সংহতি। অভ্যুত্থান তাই সমাজের ভেতরে প্রচণ্ড এক শক্তির জন্ম দেয়। সেই শক্তি সমাজের ইতিবাচক পরিবর্তনের বিপুল এক সম্ভাবনা তৈরি করে; কিন্তু সেটি ব্যবহার করা না গেলে সেই শক্তিই সমাজে নানা সংঘাত ও হানাহানির জন্ম দিতে পারে।

আমাদের ইতিহাসেই এর সবচেয়ে বড় দৃষ্টান্ত ১৯৭১। ষাটের ছাত্র আন্দোলন, জাতীয়তাবাদী আন্দোলন ও গণ-অভ্যুত্থানের পথ ধরে যে মুক্তিযুদ্ধ, সেখানে পাকিস্তানি গণহত্যার বিরুদ্ধে এই ভূমির আপামর মানুষ জান বাজি রেখে লড়াইয়ে নেমেছিলেন। সেই যুদ্ধ হয়ে উঠেছিল সত্যিকারের এক গণযুদ্ধ। মুসলিম লীগ, জামায়াতে ইসলামী, নেজামে ইসলাম, চীনপন্থী কমিউনিস্ট পার্টির একটি অংশ ছাড়া রাজনৈতিকভাবে মুক্তিযুদ্ধ ছিল সবার যুদ্ধ।

অথচ যুদ্ধের মালিকানা দাবি করে বসল আওয়ামী লীগ একা। মুক্তিযোদ্ধাদের দেশ গঠনের কাজে যুক্ত না করে ঘরে পাঠিয়ে দেওয়া হলো। মুজিব বাহিনী ও ভুয়া মুক্তিযোদ্ধাদের ক্ষমতায়িত করে দেশকে বিভক্ত করা হলো। মুক্তিযুদ্ধে সেই বিপুল সম্ভাবনাময় শক্তিকে দেশগঠনের কাজে, সমাজ পরিবর্তনের কাজে ব্যবহার করতে না পারার ব্যর্থতায় অন্তত দুই দশকব্যাপী সামরিক ও রাজনৈতিক হানাহানি ও বিপুল রক্তক্ষয়ের জন্ম দিয়েছিল।



জুলাই-আগস্ট অভ্যুত্থানও আমাদের সমাজে বিশেষ করে তরুণ জনগোষ্ঠীর মধ্যে বিপুল সম্ভাবনার শক্তি তৈরি হয়েছে। আওয়ামী লীগ ও দলটির মিত্রদের সুবিধাভোগী অংশ ছাড়া এই অভ্যুত্থানে কে অংশ নেয়নি। এমনকি যাঁদের মা-বাবা আওয়ামী লীগের সমর্থক, তাঁদের সন্তানেরাও রাস্তায় নেমে স্বৈরাচারী শাসনের বিরোধিতা করেছেন। সবাই আশা করেছেন, এমন এক বাংলাদেশ যেন তৈরি হয়, যেটি হবে গণতান্ত্রিক, মানবিক ও বহুত্ববাদী।

অভ্যুত্থানের ১০০ দিন পেরিয়ে যাওয়ার পর যে প্রশ্নটি উঠতে শুরু করেছে-অভ্যুত্থানে যে বিশাল শক্তির জন্ম হলো, সেটিকে কি সমাজের ইতিবাচক বিকাশের কাজে ব্যবহার করা যাচ্ছে? শুরুটা করা যাক, গত মাসে ঢাকার কলেজগুলোর শিক্ষার্থীদের মধ্যকার সংঘাতের দৃষ্টান্ত দিয়ে। ঢাকা কলেজ ও সিটি কলেজের কয়েকজন শিক্ষার্থীর মধ্যে বাসে ওঠা নিয়ে কথা-কাটাকাটির জেরে মারামারি শুরু হলো। এরপর দুই কলেজের বিপুলসংখ্যক শিক্ষার্থী রাস্তায় নেমে পরস্পরের দিকে ইটপাটকেল ছুড়তে লাগল। লাঠিসোঁটা নিয়ে মারামারি করতে শুরু করল। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে গিয়ে যৌথ বাহিনীকে বাড়াবাড়ি রকমের পিটুনি দিতেও দেখেছি আমরা ফেসবুকের ভিডিওতে।

তিতুমীর কলেজের শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় করার দাবি নিয়ে সড়কে নামলেন। একপর্যায়ে তাঁরা রেলপথ অবরোধ করেন। ট্রেন না থামায় কয়েকজন চলন্ত ট্রেনে ইটপাটকেল ছোড়েন। তাতে শিশু-নারীসহ কয়েকজন যাত্রী রক্তাক্ত হন। এ ঘটনায় মানুষের মধ্যে শিক্ষার্থীদের প্রতি ক্ষোভের জন্ম হয়।

এর পরেই আমরা দেখলাম, ঢাকার অন্তত ২৫ শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা কীভাবে সংঘাতে জড়িয়ে পড়লেন। ন্যাশনাল মেডিকেল এরপর ৩৬ পৃষ্ঠায়




আওয়ামী লীগের আমলে সব বিরোধী মতকে (মধ্যপন্থী, ইসলামপন্থী, বাম ও লিবারেলপন্থী) দমন করে একটি মাত্র বয়ান প্রচার করার চেষ্টা করা হয়েছিল। অভ্যুত্থানের পরও ভিন্নমতের রাজনীতি রাজনীতিকে কোণঠাসা করার একটি প্রচেষ্টা কারো কারো মধ্যে আমরা দেখছি। ভিন্নমত দমনের এই প্রক্রিয়াতেই কিন্তু রাষ্ট্র, রাজনীতি, সমাজে স্বৈরাচারের জন্ম হয়। গণ-অভ্যুত্থানে স্বৈরাচার বিদায় নিলেও ভিন্নমত প্রকাশের ঝুঁকি নিয়ে সম্প্রতি সতর্ক করেছেন রাষ্ট্রবিজ্ঞানী ও সিপিডির সম্মাননীয় ফেলো রওনক জাহান। তাঁর মতে, 'বহুমত প্রকাশের জন্য এখন নানা রকম ঝুঁকি দেখি। এর পুরোটা যে সরকারের কাছ থেকে আসছে, তা নয়। যাদের একটি মত আছে, তারা অন্যদের মত শুনতে চায় না'

# বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯+**
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত






## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল

Saudi Arabian Airlines · DELTA AIR LINES · Biman Bangladesh Airlines · American Airlines · ETIHAD · Emirates · QATAR AIRWAYS · KUWAIT AIRWAYS



## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ



মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ



জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ

**7305 37th Road, Jackson Heights, NY 11372**
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

**Phone: 917-396-4140, 917-592-7828**

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM -10PM *Terms & Condition may apply. See store for details.


# সিরিয়া : কোথা থেকে, কোন পথে

ড. মাহবুব উল্লাহ্

সিরিয়ায় একনায়কতন্ত্রবাদী স্বৈরতান্ত্রিক বাশার আল আসাদ রেজিমের পতন ঘটেছে। মিডিয়ায় বাশারের ভাগ্য সম্পর্কে নানা জল্পনা-কল্পনার পর জানা গেছে, তিনি রাশিয়ায় রাজনৈতিক আশ্রয় পেয়েছেন। তার পতন ও রাশিয়ায় আশ্রয় লাভের সঙ্গে অনেকেই শেখ হাসিনার পতন ও ভারতে আশ্রয় লাভের সঙ্গে তুলনা করতে পছন্দ করেন। তবে দুটি ঘটনার মধ্যে বেশ মিল থাকলেও ঘটনা দুটি একরকম নয়। এ যাত্রায় বিদ্রোহীদের মাত্র ১২ দিনের অভিযানে বাশার সরকারের পতন ঘটে। বাশারের অনুগত সামরিক বাহিনী বিদ্রোহীদের প্রতিহত করতে তেমন কোনো পদক্ষেপ নেয়নি। বাশারের প্রধানমন্ত্রী জানিয়েছেন, তিনি তার বাসভবনেই রয়েছেন এবং নতুন সরকারের কর্মকর্তাদের শপথ গ্রহণে তিনি প্রস্তুত আছেন। বোঝাই যাচ্ছে, ক্ষমতা হস্তান্তর প্রক্রিয়া রক্তপাতহীনভাবেই ঘটছে। এ পরিস্থিতিকে আমরা যদি রুশ সমর্থনে কয়েক বছর আগে বিদ্রোহ দমনে আসাদের প্রয়াসের তুলনা করি, তাহলে ভাবাই যায় না সিরিয়ায় অনেকটা নির্ভেজালভাবে কেন এবং কী করে রেজিমের পরিবর্তন হলো।


পর্যবেক্ষকদের মতে, সিরিয়ায় আসাদ সরকারের পরিবর্তন মধ্যপ্রাচ্যের ভূ-রাজনীতিতে অনেক পরিবর্তন আনবে। এর আলামত আমরা ইতোমধ্যেই লক্ষ করেছি। সিরিয়ার গোলান মালভূমির বাফার জোনের বেশকিছু অংশ ইসরাইল দখলে নিয়েছে। ১৯৬৭ সালে আরব-ইসরাইল যুদ্ধে সিরিয়ার গোলান মালভূমি ইসরাইল দখল করে নেয়। এ মাসের ৯ ডিসেম্বরের সিরীয় মিডিয়ার রিপোর্ট থেকে জানা গেছে, ইসরাইলি যুদ্ধবিমানগুলো সিরিয়ার রাজধানী দামেস্কসহ দেশের বিভিন্ন জায়গায় শতাধিক হামলা চালিয়েছে। এ তথ্য দিয়েছে যুক্তরাজ্যভিত্তিক সিরিয়ান অবজারভেটরি ফর হিউম্যান রাইটস। সিরিয়ার স্থানীয় মিডিয়ার রিপোর্ট অনুযায়ী, রাসায়নিক অস্ত্র উৎপাদনের সঙ্গে সম্পর্কিত একটি গবেষণা কেন্দ্রের ওপর হামলা করা হয়েছে। এ হামলা নিছক সন্দেহবশত করা হয়েছে। আমরা জানি, ইরাকে মার্কিন হামলার জন্য অজুহাত হিসাবে বলা হয়েছিল, ইরাকে জনবিধ্বংসী অস্ত্রের মজুত রয়েছে। পরে দেখা গেছে, সে রকম কিছুর অস্তিত্ব ইরাকে নেই। সিরিয়ার ক্ষেত্রে ইসরাইলিরা যা করছে, তার উদ্দেশ্য তাৎপর্যহীন নয়। ইসরাইল বলছে চরমপন্থিদের হাতে যাতে সিরিয়ার অস্ত্রভান্ডার চলে না যায়, তার জন্যই ইসরাইল এসব পদক্ষেপ নিয়েছে।

ইতোমধ্যে সিরিয়া থেকে ইরান ও হিজবুল্লাহর অবস্থান উৎপাটন করার পদক্ষেপ নেওয়া হয়েছে। পর্যবেক্ষকরা বলছেন, সিরিয়ায় বাশার সরকারের পতনের ফলে ইরান, হিজবুল্লাহ ও ইয়েমেনের হুতিরা দুর্বল হয়ে পড়বে। দুর্বল হয়ে পড়বে হামাসও। ইসারাইলি হামলায় প্রধান নেতৃত্ব নিহত হওয়া সত্ত্বেও হামাস ও হিজবুল্লাহর মনোবলে চিড় ধরানো যায়নি। কিন্তু এখন বাশার আল আসাদের সিরিয়াকে স্ট্র্যাটেজিক মাধ্যম হিসাবে ব্যবহার করে হামাস ও হিজবুল্লাহর যে শক্তি ছিল, তা এখন বাশারহীন অবস্থায় কাবু হয়ে পড়বে। এক কথায় বলা যায়, ইসরাইলি আগ্রাসনের বিরুদ্ধে ফিলিস্তিনি প্রতিরোধ এবং আরব প্রতিরোধ অনেকটাই দুর্বল হয়ে পড়বে। তা সত্ত্বেও কোনো কোনো পর্যবেক্ষক মনে করেন, ইসরাইল তার আগ্রাসী যুদ্ধের অভিঘাতে ভেঙেচুরে পড়বে। এ রকম অবস্থা দু-চার বছরের মধ্যেই ঘটবে বলে এ পর্যবেক্ষকরা মনে করেন। তাদের যুক্তি হলো, গাজার যুদ্ধ শুরু হওয়ার পর ৩০ শতাংশ ইসরাইলি ইসরাইল ছেড়ে অন্য দেশে অভিবাসী হয়েছেন। এ থেকে বোঝা যায়, ইসরাইলি জনগণের মধ্যে তাদের কৃত্রিম রাষ্ট্র ইসরাইলের ওপর আস্থার ঘাটতি শুরু হয়েছে। এ ঘাটতি আগামী দিনগুলোয় আরও বাড়বে।



ইসরাইলের অভ্যন্তরে শুভবুদ্ধিসম্পন্ন ইসরাইলিরা ফিলিস্তিনের বিরুদ্ধে ইসরাইলি আগ্রাসনের বিরুদ্ধে প্রতিবাদ বিক্ষোভে নেমেছে। তাদের দৃষ্টিতে বেঞ্জামিন নেতানিয়াহু নিজের ক্ষমতার গদি আটকে রাখার জন্য যুদ্ধকে ব্যবহার করছে। অন্যদিকে মার্কিন যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক কৌশল মধ্যপ্রাচ্য পরিস্থিতিকে অজানা গন্তব্যের দিকে নিয়ে যাচ্ছে। প্রেসিডেন্ট ক্লিনটনের সময় একটি বিষয় চাউর হয়েছিল, তা হলো, মধ্যপ্রাচ্যের মানচিত্র পুনরাঙ্কন করতে চায় মার্কিন যুক্তরাষ্ট্র, এ জন্য একটি প্রকল্প হাতে নেওয়া হয়েছে। ওই সময় থেকে আজ পর্যন্ত যেসব ঘটনা ঘটেছে, তাতে অনুমান করা ভুল হবে না যে, মধ্যপ্রাচ্যের মানচিত্র পুনরাঙ্কনের প্রকল্প এগিয়ে চলেছে। ফলে মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়্যার ইন্ডাস্ট্রি রমরমা হবে এবং মধ্যপ্রাচ্যে বহু প্রাণ ও সম্পদের ক্ষয় হবে। অনেক রক্ত ঝরবে এবং মানবিক ট্র্যাজেডি অসহনীয় দুঃখ-বেদনার জন্ম দেবে। লাখ লাখ মানুষ বাস্তুহারা হয়েছে এবং ভবিষ্যতেও হবে। বিংশ শতাব্দীর প্রথম কোয়ার্টারে মধ্যপ্রাচ্যের মানচিত্রে ব্রিটিশ উদ্যোগে বিরাট পরিবর্তন এসেছিল। নতুন নতুন রাজবংশ প্রতিষ্ঠিত হয়েছে এবং বিভিন্ন রাষ্ট্রের নতুন সীমান্ত প্রতিষ্ঠিত হয়েছে। এসব নিয়ে লরেন্স অব এরাবিয়ার রোমাঞ্চকর কাহিনিও প্রচলিত আছে।

যে সিরিয়ায় বাশার আল আসাদ সরকারের পতন হয়েছে, সেই সিরিয়ায় তার পিতা হাফেজ আল আসাদ দীর্ঘ ৩০ বছর দেশ শাসন করেছেন। এজন্য বলা হয়, সিরিয়ায় বাশার পরিবারের শাসনের অবসান হলো ৫৩ বছর পর। হাফেজ আল বাশার লৌহমুষ্টিতে তার শাসন চালিয়ে গেছেন। তার মৃত্যুর পর তার পুত্র বাশার আল আসাদ সিরিয়ার প্রেসিডেন্ট পদে আসীন হন। ব্রিটেনে দন্ত চিকিৎসক হিসাবে উচ্চ শিক্ষাপ্রাপ্ত বাশার আল আসাদ ক্ষমতা গ্রহণের পর গণতান্ত্রিক সংস্কারের কথা বলেন। এর ফলে সিরিয়ার উদার গণতন্ত্রবাদীরা আশাবাদী হয়েছিল। কিন্তু সেই আশাবাদ ছিল ক্ষণস্থায়ী। বাশারও লৌহদৃঢ় হস্তে দেশ শাসনের এরপর ৩৭ পৃষ্ঠায়




> অবশ্য ১৯৬৬ সালে একটি ক্যু'দেতা হয়। যার ফলে বাথ পার্টির বামপন্থি অংশ সালাহ জাদিদের নেতৃত্বে ক্ষমতায় আসে এবং ১৯৭০ সালে আরেকটি ক্যু'দেতার মাধ্যমে হাফেজ আল আসাদ ক্ষমতায় এসে মধ্যপন্থা অনুসরণ করেন। অব্যাহতভাবে বাথ পার্টির শাসন আগেকার অস্থিতিশীলতার বিপরীতে নাগরিক স্বাধীনতার চড়া মূল্যে স্থিতিশীলতা প্রতিষ্ঠিত করে। শিকড়ের দিক থেকে বাথ শাসন ছিল একটি কর্তৃত্ববাদী সামরিক একনায়কত্ববাদ। এর মধ্যে প্রেসিডেন্ট হাফেজ আল আসাদ ছিলেন সর্বপ্রধান ব্যক্তি, তিনি সংখ্যালঘিষ্ঠ আলাউল মাজহাবের সদস্য ছিলেন। প্রেসিডেন্ট নির্বাচিত হতো পার্লামেন্টের মনোনয়নে ৭ বছর মেয়াদের জন্য। হাফেজ আল আসাদ ১৯৯১ সালের নির্বাচনে ৯৯ শতাংশ ভোটে জয়লাভ করেন

# বাংলাদেশ-মিয়ানমার সীমান্তে নিরাপত্তা সংকট

> এতে ট্রাম্পের এন্টি-চায়না নীতির বাস্তবায়নের পাশাপাশি, বাংলাদেশের জাতীয় স্বার্থ রক্ষা ও মিয়ানমারে স্থিতিশীলতা ফেরাতে ঢাকা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। ঢাকার সাথে নাইপিদোর সংযোগ বাড়লে, ভারতীয় আধিপত্য ও চায়নার প্রভাব অনেকাংশেই কমে আসবে। তাই প্রাথমিক পদক্ষেপ হিসেবে, রাখাইনে স্থিতিশীলতা ফেরানো এবং সকল গোষ্ঠীদের নিয়ে আলোচনায় বসা জরুরি। রোহিঙ্গা ক্যাম্প ও সীমান্তে নিরাপত্তা জোরদারের পাশাপাশি জরুরি খাবার, জ্বালানি ও মানবিক সহায়তা পাঠানো এবং রোহিঙ্গা প্রত্যাবাসনে সীমান্তে তুর্কি মডেলে সেইফ জোন বা করিডোর স্থাপন করা যেতে পারে। এবং সবশেষে, মধ্যস্থতাকারী হিসেবে রাখাইন ও নাইপিদোর মধ্যকার সংলাপ স্থাপন করা যেতে পারে। এতে আঞ্চলিক কূটনৈতিক মহলে বাংলাদেশের গ্রহণযোগ্যতা, বিশ্বাস ও সামর্থ্য বৃদ্ধি পাবে

মুহাম্মদ ইরফান সাদিক

মুহুর্মুহু গুলির আওয়াজ, মর্টার শেল ও গ্রেনেড বিস্ফোরণ। সঙ্গে বিমান হামলায় কেঁপে ওঠা, এই হচ্ছে মিয়ানমার বাংলাদেশ উপকূলীয় সীমান্ত এলাকার বর্তমান পরিস্থিতি। গত ২৮শে নভেম্বর বৃহস্পতিবার রাত ৯টায় মিয়ানমার সেনাবাহিনী যুদ্ধবিমান থেকে হামলা চালালে, কেঁপে ওঠে টেকনাফের দমদমিয়া ঘাট থেকে সর্বদক্ষিণের শাহপরীর দ্বীপ পর্যন্ত। স্থানীয় বাসিন্দারা বাসা থেকে বেরিয়ে দিগ্বিদিক ছুটতে থাকেন নিরাপদ আশ্রয়ের খোঁজে। এর আগেরদিন, ২৭শে নভেম্বর বুধবার, ট্রলারে মাছ ধরার সময় মিয়ানমার নৌবাহিনীর ছোঁড়া গুলিতে আহত হন সেন্ট-মার্টিনের স্থানীয় জেলে মো. এরশাদ (৪০)। ক্ষত গভীর হওয়ায় বর্তমানে তাকে উন্নত চিকিৎসার জন্যে টেকনাফ হাসপাতালে পাঠানো হয়।



এই সপ্তাহের শুরু থেকেই, অর্থাৎ ২২শে নভেম্বর শুক্রবার রাত থেকে আরাকানের মংডু শহরে মিয়ানমারের সরকারি বাহিনী ও আরাকান আর্মির মধ্যকার তীব্র সংঘর্ষ চলেছে। এতে টেকনাফের উপকূলীয় ইউনিয়ন হ্নীলার বেশ কয়েকটি বাড়িতে বুলেট আঘাত হেনেছে, যদিও কেউ হতাহত হয়নি। মিয়ানমারের মংডু শহর থেকে মাত্র ৩০-৪০ কি.মি দূরে হওয়ায় টেকনাফের দমদমিয়া, জালিয়াদ্বীপ, সাবরাং ও শাহপরীর দ্বীপ অঞ্চলে বেশ কয়েক মাস যাবত তীব্র নিরাপত্তা সংকট কাজ করছে।

মিয়ানমারের গৃহযুদ্ধের ফলে এর আগেও মর্টার শেল, গ্রেনেড ও বুলেট এসে লেগেছে টেকনাফের বিভিন্ন উপকূলীয় অঞ্চলে। তবে অক্টোবরের ৯ তারিখে, মিয়ানমার নৌবাহিনী কর্তৃক ৫৮ জন বাংলাদেশি জেলে ও ৬টি মাছ ধরার ট্রলার আটক করলে সংকট তীব্র আকার ধারণ করে। একই দিনে আরেকটি মাছ ধরার ট্রলারকে লক্ষ্য করে গুলি ছুঁড়লে তিনজন বাংলাদেশি জেলে আহত হয় এবং পরবর্তীতে গুলিবিদ্ধ অবস্থায় মো. ওসমান (৫০) মারা যান। কিন্তু জল সীমান্তে এই তীব্র সংকটের মূল কারণ কী? মিয়ানমারের গৃহযুদ্ধই কি একমাত্র নিরাপত্তা সংকট? বাংলাদেশের জাতীয় নিরাপত্তা রক্ষায় কেমন পদক্ষেপই বা নেয়া উচিত?

বাংলাদেশের সর্বদক্ষিণের উপজেলা টেকনাফ যার দক্ষিণ ও পশ্চিমে বঙ্গোপসাগর ও পূর্বে নাফ নদী। অর্থাৎ তিনদিকেই জলসীমা নিয়ে গঠিত এই উপজেলা। টেকনাফ, দেশের অন্যান্য উপজেলার চেয়ে বেশিই নিরাপত্তা সংকটে থাকে, বিশেষত এর অবস্থানের কারণে। টেকনাফের উত্তরে সংরক্ষিত বন্যপ্রাণী অভয়ারণ্য শুধু বন্যপ্রাণীদেরই অভয়ারণ্য নয়, বরং সন্ত্রাসী ও মাদক পাচারকারীদেরও অভয়ারণ্যে পরিণত হয়েছে। সহজে নদীপথ পাড়ি দিলেই সীমান্ত পেরোনো সম্ভব, তাই মাদক সরবরাহের সবচেয়ে বড় রুটেও পরিণত হয়েছে এই অঞ্চল।


অন্যদিকে, ২০১৭ সালের পর থেকে ক্রমবর্ধমান রোহিঙ্গা শরণার্থীদের চলে শুধু টেকনাফই নয়, বরং সমগ্র কক্সবাজারেই আঞ্চলিক নিরাপত্তা সংকট দেখা দিয়েছে। বেড়েছে অপরাধ প্রবণতা ও সন্ত্রাসী কার্যক্রম। তারপরও, অভ্যন্তরীণ সকল সমস্যা ছাপিয়ে মিয়ানমারের গৃহযুদ্ধই বর্তমানে টেকনাফের সবচেয়ে বড় নিরাপত্তা সংকট। ২০২১ সালের ১লা ফেব্রুয়ারি মিয়ানমার সেনাবাহিনী সামরিক ক্যু এর মাধ্যমে ক্ষমতায় বসে। সংবিধানকে বাতিল ঘোষণা করা হয়, অং সান সূচি কে ২৭ বছরের কারাদণ্ড ও ৪০০ রাজনৈতিক নেতাকর্মী ও এমপিকে গৃহবন্দী করা হয়। একই দিনে দেশের সরকারি টিভি চ্যানেল দখল ও দেশব্যাপী ইন্টারনেট ও টেলিফোন সেবা বন্ধ করে দেয়া হয়। মিয়ানমারের নাগরিকরা তীব্র প্রতিবাদ গড়ে তুললে দেশটি গৃহযুদ্ধে জড়িয়ে পড়ে।


২০২৩ সালে এসে গৃহযুদ্ধ নতুন মোড় নেয়, যখন তিনটি ভিন্ন ভিন্ন বিদ্রোহী গোষ্ঠী মিলে 'থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্স' গঠন করে। একই বছরের অক্টোবরের ২৭ তারিখ এই যৌথ বাহিনী মিলে 'অপারেশন ১০২৭' পরিচালনা করলে, গৃহযুদ্ধ বহুপাক্ষিকতায় মোড় নেয়। একদিকে মিয়ানমারের তাতমাডো সেনাবাহিনী, এর বিপরীতে যুদ্ধরত বিভিন্ন বিচ্ছিন্ন বিদ্রোহী গোষ্ঠী ও এর সাথে যুক্ত তিন বিদ্রোহী গোষ্ঠীর মিত্রতা। এখানে বলে রাখা ভালো, প্রায় সকল বিদ্রোহী গোষ্ঠীই পার্শ্ববর্তী দেশ ভারত কিংবা চীনের কাছ থেকে অস্ত্র ও অর্থ সহায়তা পেয়ে আসছে। ফলে, প্রতিটি বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠীর কার্যক্রম অনেকটাই নিয়ন্ত্রিত হচ্ছে পার্শ্ববর্তী দেশগুলোর দ্বারা।

২০২৪ এর ফেব্রুয়ারির দিকে মিয়ানমার সেনাবাহিনী বাংলাদেশ সীমান্তসংলগ্ন রাখাইন রাজ্যের অধিকাংশ অঞ্চলের নিয়ন্ত্রণই হারিয়ে ফেলে। থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্সের আরাকান আর্মি, রাখাইনে একের পর এক শহর দখল করতে থাকে। যুদ্ধের ভয়াবহতা থেকে বাঁচতে ফেব্রুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত ন্যূনতম ৮৬৫ জন তাতমাডো সেনা কর্মকর্তা বাংলাদেশে পালিয়ে এসেছেন। এদিকে, থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্সের সবচেয়ে শক্তিশালী সংগঠন হচ্ছে আরাকান আর্মি, যাদের লক্ষ্য আরাকান বা রাখাইন রাজ্য স্বাধীন করা। আরাকান আর্মির অধিকাংশ সেনাই বৌদ্ধ ধর্মাবলম্বী। অন্যদিকে, রাখাইন রাজ্যে প্রায় ৬ লক্ষ রোহিঙ্গা মুসলিম জনগোষ্ঠী রয়েছে।

জাতিগত ও ধর্মীয়ভাবে বিভক্ত এই দুই জাতির রয়েছে দীর্ঘকালের বিরোধ। যার ফলে, বহুপাক্ষিক ও বহুমাত্রিক এ গৃহযুদ্ধে অস্তিত্বের লড়াইয়ে জড়িয়ে এরপর ৩৭ পৃষ্ঠায়




সবাইকে
মহান বিজয়
দিবসের
শুভেচ্ছা
Khalil Biryani House
খলিল হালাল চাইনিজ
খলিল বিরিয়ানী হাউজ
খলিল পার্টি সেন্টার
২০৬২ ম্যাকগ্রো এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬২
646-763-5073, 347-621-2884


বিজয় দিবস
design: ihopeprint.com, 929-538-7903
Giash Ahmed
Chairman/CEO
917-744-7308
Home Care
Immigrant Elder
Home Care LLC.
Authorized Homecare Provider
Department of Health, State of New York


বিজয় দিবসে
বিজয়
শুভেচ্ছা
design: ihopeprint.com, 929-538-7903
GOLDEN AGE
HOME CARE
GOLDEN AGE HOME CARE
Rano Nawaz
Vice President
Shah Nawaz Group
SNG
SHAH NAWAZ
GROUP
GOLDEN AGE
HOME CARE
আজকাল
NY CAR & LIMO
DMV SERVICES
SSRR Properties
NB TV

সাপ্তাহিক আজকাল
◆ শুক্রবার ◆ ১৩ ডিসেম্বর ২০২৪

# মহান বিজয় দিবস







বিজয় দিবসে কিংবা স্বাধীনতা দিবসে নির্জনে একলা একা আমি প্রিয় কিছু দেশের গান শুনি আর প্লাবিত হই আনন্দ-বেদনার সম্মিলিত অশ্রুর বন্যায়। সেই গানগুলোর একটি--সব ক'টা জানালা খুলে দাও না। এই গানটা আমাকে একই সঙ্গে প্রাপ্তির আনন্দ আর স্বজন হারানোর বেদনায় সিক্ত করে। বাংলাদেশ থেকে সাড়ে বারো হাজার কিলোমিটার দূরের দেশে বসে ২০২২ সালের বিজয় দিবসেও গানটা শুনতে শুনতে একই রকম অনুভূতিতে আক্রান্ত হলাম। এই গানটিকে কেন্দ্র করে একটা স্মৃতিগদ্য লিখেছিলাম। গানটি--এমন খুশির দিনে কাঁদতে নেই বললেও আমি কাঁদছি! কেনো কাঁদছি জানি না। কিন্তু লেখাটা পড়তে পড়তে ফের আমি কাঁদছিই তো!......

## 'এমন খুশির দিনে কাঁদঁতে নেই'...



**লুৎফর রহমান রিটন**

আমি চিরকাল গানে পাওয়া মানুষ। ক্লান্তিহীন গান শুনি বলেই ডিপ্রেশন আমাকে আষ্টেপৃষ্ঠে জড়িয়ে ধরতে পারে না। গেলো নয় মাসের করোনাবন্দী জীবন এখনো আমার কাছে তাই একঘেয়ে নয়। যদিও সব গান আনন্দের নয়। কোনো কোনো গান কান্নারও অধিক কিছু। গানই আমাকে সজিব সচল আর প্রাণবন্ত রেখেছে। কোনো কোনো গান শোকার্তই করে না শুধু, ভাসিয়ে নেয় অশ্রুর প্লাবনেও। জাগতিক পরিবেশ পরিস্থিতি আর শব্দময় পৃথিবীর সমস্ত শব্দকে স্তব্ধ ↘ এরপর ৩৭ পৃষ্ঠায়



ছবি সৌজন্য: মুক্তিযুদ্ধ ই-আর্কাইভ

## একাত্তরকে ভুলতে পারে উন্মাদ ও বিকৃত মানুষ



**সিরাজুল ইসলাম চৌধুরী**

জাতীয় ঐক্যের কথা বলতে হলে প্রথমেই বুঝতে হবে কার বিরুদ্ধে ঐক্য এবং কিসের জন্য ঐক্য। কার বিরুদ্ধে ঐক্য সেটা একাত্তর সালে আমরা জানতাম, ঐক্য ছিল পাকিস্তানি শোষকের বিরুদ্ধে। একটি গণতান্ত্রিক রাষ্ট্র ও সমাজ গড়ার জন্য ঐক্য। এখন ওই ঐক্য নেই। এখন প্রতিটি মানুষ কেবল নিজের সমৃদ্ধি নিয়ে ভাবছে। নিজের স্বার্থ দেখছে। অন্য কোনো আদর্শ নেই। মুক্তিযুদ্ধের যে আদর্শ, সে আদর্শকে সামনে আনতে হবে। সে আদর্শটা ছিল একটা গণতান্ত্রিক রাষ্ট্র ও সমাজব্যবস্থা প্রতিষ্ঠা করা। ওই আদর্শে যাঁরা বিশ্বাস করেন, তাঁদের ঐক্যবদ্ধ হতে হবে। এই ঐক্যটা শুধু মুক্তিযুদ্ধের পক্ষে-বিপক্ষে কথা বলে আসবে না। একাত্তর সালে যুদ্ধে অংশগ্রহণ করাটি মুক্তিযুদ্ধের পক্ষে হওয়ার নিরিখ নয়। নিরিখটা হচ্ছে, আমলাতান্ত্রিক পুঁজিবাদী রাষ্ট্রের বিরুদ্ধে দাঁড়ানো, যার পৃষ্ঠপোষক সাম্রাজ্যবাদ।
এটা অবিশ্বাস্য, লজ্জাজনক ও দুঃখজনক যে অন্তর্বর্তী সরকারের শাসনামলে ↘ এরপর ৩৬ পৃষ্ঠায়






### বিজয়ের ছড়া

**ইশতিয়াক রুপু**

অবরুদ্ধ নয়টি মাস
কষ্টে বোনা রক্ত চাষ
হায়েনাদের চিৎকার
মানবতার সকল হার।

চোখে দেখা কানে শুনা
নির্মমতার নানা বিবরন,
ভয় কাতরে দিন কাটতো
অনিশ্চিয়তায় সর্বজন!

জনতার সকল দাবী
করলো অস্বীকার,
পাক বাহিনীর পা চাটা
ইয়াহিয়া সরকার।

আনতে বিজয় যুদ্ধ শুরু
মুক্তিকামী জনতার
কোন দানবে রুখবে তাহা
থাকলো না সাধ্য আর!

পরাজয়ের দুঃখ গ্লানি
পাকবাহিনীর মুন্ডুটে
বন্দী হলো দলে দলে
জেল হাজতের শকটে!

দলে দলে মুক্তি সেনা
লাল সবুজের পতাকায়
ঢেকে দিলো প্রিয় বাংলা
ভালবাসা মমতায়।

লেখক: কবি, নিউইয়র্ক।



### বিজয় দিবস

**সুব্রত চৌধুরী**

বিজয় দিবস ক্যালেন্ডারে
আঁকা রক্ত দাগে,
